

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০২.১৭-২১৬

তারিখ: ১০ বৈশাখ ১৪২৬
১৩ এপ্রিল ২০১৯

বিষয়: মহামান্য আপীল বিভাগে চলমান সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং-১২৬/২০১৮ (রিট পিটিশন নং-১৩০৫২/২০১৬ হতে উদ্ভূত) এর হালনাগাদ তথ্যাদি TMED তে প্রেরণ।

- সূত্র: (১) টিএমইডিএরআইন শাখা-১ এরস্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০২.১৭-১৩৮ তারিখ: ১১.০৪.২০১৮ খ্রি:।
(২) টিএমইডি এর আইন শাখা-১ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০২৫.১৮-৪৫৯, তারিখ: ২৯ নভেম্বর ২০১৮।
(৩) টিএমইডি এর আইন শাখা-১ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০২.১৭-১৬০, তারিখ: ১৮ মার্চ ২০১৯।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, সমাপ্তকৃত স্কিলস ডেভেলপমেন্ট প্রকল্প (এসডিপি) এর হস্তকর্মীমহিনের কর্মরত জনাব মো: সামছুদ্দিন গং (২৪১ জন) কর্তৃক তাঁদের চাকুরি নিয়মিতকরণ/আব্বীকরণের দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩০৫২/২০১৬ দায়ের করা হয়।

০২ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় গত ১১/০১/২০১৭ খ্রি. তারিখে বিভিন্ন মন্ত্রণালয় সংশ্লিষ্ট ১৪টি মামলার সাথে উক্ত মামলাটি Disposed of করে আদেশ/রায় প্রদান করা হয়। উক্ত মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় পরবর্তীতে রিট পিটিশনারগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কমেন্টস্কেট পিটিশন নং-৫২৬/২০১৭ দায়ের করা হয়।

০৩। TMED কর্তৃক সূত্রে বর্ণিত (১) নং স্মারকমূলে ডোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট (ডিটিআই) সমূহে স্কিলস ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় নিয়োজিত হস্তকর্মী শিক্ষকগণের অনুরূপ/সমমানের কোন স্থায়ী পদ কারিগরি শিক্ষা অধিদপ্তরের অর্গানোগ্রামেবিদ্যমান নেই মর্মে জানানো হয় উক্ত পক্ষে আরো জানানো হয় যে, বিদ্যমান ৫১টি ডিটিআই-এ ৬৩৭ টি স্থায়ী/অস্থায়ী শিক্ষক পদ ইতোমধ্যে বিলুপ্ত হওয়ায় এবং বর্ণিত মামলার ১১.০১.২০১৭ তারিখের রায়ে উল্লেখিত শর্ত পূরণ না হওয়ায় পিটিশনারগণকে রাজস্বখাতে নিয়মিতকরণ/আব্বীকরণের কোন সুযোগ নেই।

০৪ একই পক্ষে আরো উল্লেখ করা হয় যে, তবে ভবিষ্যতে (পিটিশনারগণের চাহিত মতে) অনুরূপ/সমমানের পদ রাজস্বখাতে (তথা অর্গানোগ্রামে) সৃষ্টি হলে (ইনস্ট্রাক্টর(টেক)/ইনস্ট্রাক্টর(নন-টেক) ও জুনিয়র ইনস্ট্রাক্টর(টেক)) তখনকার অর্গানোগ্রাম অনুযায়ী মহামান্য হাইকোর্টের আদেশ অনুসারে তাঁদের (পিটিশনারগণ)বিষয়টি বিবেচনা করা হবে, এবং বিষয়টি পিটিশনারগণকে অবহিত করানো হয় এবং TMED এর ওয়েব-সাইটেও প্রকাশিত হয়।


০৫ এখানে উল্লেখ্য যে, TMED এর নির্দেশনার আলোকে রিট পিটিশন নং-১৩০৫২/২০১৬ মামলায় মহামান্য হাইকোর্টের রায়ে বিরুদ্ধে (যাঙ্গী সরকার প্রতিকূলে হওয়ায় এবং এর সাথে সরকারের বিপুল পরিমাণ আর্থিক সংশ্লেষ থাকায়) আপীলের জন্য সিলিসিটর উইং ব্যবস্থা প্রস্তাব প্রেরণ করা হলে সিলিসিটর উইং কর্তৃক সিপি নং-১২৬/২০১৮ দায়ের করা হয়। উক্ত আপীল মামলাটি আপীল বিভাগে চলমান রয়েছে।

০৬। তাঙ্গীল বিভাগে দায়েরকৃত আপীল মামলাটি সরকার পক্ষে তথা টিএমইডি এর পক্ষে সার্বক্ষণিক মনিটর এবং প্রয়োজনীয় জোরালো পদক্ষেপ গ্রহণের নিমিত্ত মহোদয়কে সূত্রে বর্ণিত (২) নং স্মারকের মাধ্যমে বিশেষ দায়িত্ব প্রদান করা হয়।

০৭ সিভিল পিটিশন নং-১২৬/২০১৮ মামলায় চেম্বার জজ আদালত কর্তৃক গত ২৬.০২.১৯ খ্রি. তারিখের status-quo আদেশটি (নিয়োগ সংক্রান্ত) vacate করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিমিত্ত টিএমইডি হতে নির্দেশনা প্রদান করা হলে পিটিশনারগণের বিজ্ঞ আইনজীবী জনাব মো: জাহিদুল ইসলাম কর্তৃক প্রেরিত "Lawyer's Certificate" এ উল্লিখিত বিষয়ের আলোকে তথা status-quo কে ভঙ্গ করে নিয়োগ সংক্রান্ত কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি মর্মে DTE হতে জানানো হয়েছে।

০৮। status-quo বিষয়ে DTE এর অবস্থান স্পষ্টক্রমে সিভিল পিটিশন নং-১২৬/২০১৮ মামলায় চেম্বার জজ আদালত কর্তৃক গত ২৬.০২.১৯ খ্রি. তারিখের status-quo আদেশটি vacate করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ মহামান্য আপীল বিভাগে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং-১২৬/২০১৮ (রিট পিটিশন নং-১৩০৫২/২০১৬ হতে উদ্ভূত) মামলার বিষয়ে সরকার পক্ষে জোরালো পদক্ষেপ গ্রহণ অবশ্যক।

০৯ এমতাবস্থায়, আপীল বিভাগে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং-১২৬/২০১৮ মামলায় চেম্বার জজ আদালত কর্তৃক গত ২৬.০২.১৯ খ্রি. তারিখের status-quo আদেশটি vacate করণের পদক্ষেপ গ্রহণপূর্বক এ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি অগামী ৩০.০৪.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, সিপি ১২৬/১৮ বিষয়ে ২৯.০৪.১৯ খ্রি: তারিখ পর্যন্ত আছে এ ছাড়া অপর একটি সিপি নং-৪৭৭৯/২০১৮ (রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ হতে উদ্ভূত) মামলাটি গত ২৪.০২.১৯ খ্রি. তারিখে শুনানির জন্য ধার্য ছিল। কিন্তু কোন Follow up তথা TMED তে পঠানো হয়নি, এ বিষয়ে মনিটর করে হালনাগাদ তথ্যাদি প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।


(মো: মো: ফারুক হোসেন)
সিনিয়র সহকারী সচিব (আইন)

জনাব এস. কে. সফিক মহম্মদ পুস্প

বিজ্ঞ কৌশলী, চেম্বার নং-এ ৪ (৬ষ্ঠ তলা), আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স
২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ৮৯ (পুরাতন), বিজয়নগর, ঢাকা-১০০০।

তনুলিপি: জ্ঞাতার্থে:

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)